উপজেলা পরিষদ
বালিয়াকান্দি, রাজবাড়ী।

বালিয়াকান্দি উপজেলা পরিষদের অক্টোবর/২০২১ মাসের মাসিক সভার (৩৩তম সভা) কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী।
সভার তারিখ : ১১ অক্টোবর, ২০২১, সময় ঃ বেলা ১১.৩০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, বালিয়াকান্দি।
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "খ" দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোঃ আবুল কালাম আজাদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে এজেন্ডাভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী সভার আলোচ্যসূচী মোতাবেক কার্যক্রম শুরু করেন।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচ্য বিষয়/আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ<br>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় । | বিগত সভার কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার। |
| | | স্থানীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:<br>মাননীয় সংসদ সদস্যের সুপারিশক্রমে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন চলমান। | কার্যক্রম চলমান। | সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল) |
| | | নতুন পরিপত্র, বিধি ও সার্কুলার উপস্থাপন:<br>উপস্থাপনযোগ্য কোন নতুন পরিপত্র, বিধি বা সার্কুলার পাওয়া যায়নি। | | |
| | | রাজস্ব, উন্নয়ন তহবিল, এডিপি ও হাট-বাজার সংক্রান্ত হিসাব উপস্থাপনঃ<br>(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ব্যয় বিবরণীঃ (অক্টোঃ২১)ঃ<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান-<br>- ভাইস চেয়ারম্যানের সেপ্টেঃ/২০২১ মাসের সম্মানীভাতা-২৭,০০০/- টাকা<br>- মহিলা ভাইস চেয়ারম্যানের সেপ্টেঃ/২০২১ মাসের সম্মানীভাতা-২৭,০০০/- টাকা<br>- উপজেলা পরিষদের মালীর সেপ্টেঃ/২০২১ মাসের মজুরী- ১৪,৩০০/- টাকা<br>-উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর সেপ্টেঃ/২১ মাসের মজুরী ভাতা- ১৪,৩০০/- টাকা<br>-সেপ্টেম্বর/ ২১ মাসের আপ্যায়ন বিল উত্তোলন বাবদ - ৩০,০০০/- টাকা<br>-উপজেলা পরিষদের সেপ্টেঃ/২০২১ মাসের আনুষংগিকভাতা-৫,০০০/- টাকা<br>-উপজেলা পরিষদের সেপ্টেঃ/২০২১ মাসের ইন্টারনেট বিল -৩,৪০০/- টাকা<br>-উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীকে শারদীয় দূর্গাপূজা উৎসব ভাতা- ১৬,৫০০/- টাকা<br>- উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানী তেলের বিল-৭২,৫৩৩/- টাকা<br>- উপজেলা পরিষদের বিভিন্ন এলাকার মরাগাছ কর্তনের বিল-১৫,০০০/- টাকা<br>- ১২টি পত্রিকা বিজ্ঞাপনের বিল পরিশোধ-২,৮২,৩৯৮/- টাকা<br>- উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবন বাউন্ডারী ওয়াল সংস্কার কাজের বিল-২,০০,০০০/- টাকা<br>- উপজেলা পরিষদের হলরুমের বারান্দার রেলিং ও হলরুম সংস্কার কাজের চূড়ান্ত বিল-১,০১,৪৭৬/- টাকা<br>- উপজেলা শিক্ষা অফিস মেরামত ও সংস্কার কাজের বিল পরিশোধ-২,০০,০০০/- টাকা<br>- উপজেলা নির্বাহী কর্মকর্তার অফিস কক্ষ ও পরিষদের অন্যান্য অফিসকক্ষের আসবাবপত্র সররবাহ কাজের বিল পরিশোধ-১.৯৮.৭৫৪/- টাকা<br>- ফার্নিচার মেরামত কাজের বিল পরিশোধ-৫০,০০০/- টাকা<br>- উপজেলা পরিষদের জীপগাড়ীর যন্ত্রাংশ পরিবর্তনের বিল পরিশোধ- ১০,৩৬০/- টাকা | সভায় বিস্তারিত আলোচনান্তে পরিশোধকৃত বিল সমন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| | | (খ) উপজেলা পরিষদের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা ( অক্টোঃ/২০২১)ঃ বর্ণিত খাতে চলতি মাসে কোন ব্যয় হয়নি।<br>গ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে পরিশোধকৃত বিলের তালিকা সমন্বয়ের জন্য :<br>(সেপ্টেঃ/২১-অক্টোঃ/২১):<br>-নারায়নপুর পাকা রাস্তায় মজিদ এর বাড়ীর নিকট হতে খালকুলা স্কুলের নিকট পাকা রাস্তা পর্যন্ত রাস্তা অসমাপ্ত অংশ ফ্লাট সলিং দ্বারা পাকাকরণ কাজের বিল- ৫,৯৮.২০৩/- টাকা<br>-(১) সোনাপুর বাজারে গাইড ওয়ালসহ ফ্লাট সলিং রাস্তা নির্মাণ, (২) জাবরকোল পাকা রাস্তা হতে জাবরকোল চরপাড়া পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং নির্মাণ, (৩) জাবরকোল পাকা রাস্তার মসজিদ এর নিকট হতে চন্দনা নদী পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং দ্বারা পাকাকরণ, (৪) ধর্মতলা বাজার হতে শুকনা রাস্তা ফ্লাট সলিং দ্বারা পাকাকরণ এবং উপজেলার বিভিন্ন খেলার মাঠে গোলপোস্ট নির্মাণ কাজের বিল- ১৩,৫৬,১৭৬/- টাকা<br>-আগপোটরা বিকাশ এর বাড়ীর নিকট পাকা রাস্তা হতে রাসখোলা পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং রাস্তার বিল- ২,০০,০০০/- টাকা<br>- ইলিশকোল পাকা রাস্তা হতে ডাবল বিল পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং দ্বারা পাকাকরণ - ২,০০,০০০/- টাকা<br>- মীর মোশাররফ হোসেন ডিগ্রী কলেজের জিন্নুল হাকিম একাডেমিক ভবনের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ- ২.৮০,২৭৫/- টাকা | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ঘ) উপজেলা পরিষদের এডিপি হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা (সেপ্টে:/২১-অক্টো:/২০২১ ):<br>-উপজেলার বিভিন্ন রাস্তায় বৃক্ষরোপন কাজের ১ম ও চূড়ান্ত বিল প্রদান-২,০০,০০০/- টাকা<br>-বিভিন্ন গুরুত্বপূর্ণস্থানে ফ্যান সরবরাহ কাজের ১ম ও চূড়ান্ত বিল প্রদান -২,০০,০০০/- টাকা<br>-ভেল্লাবাড়ী কানাড়া বাজার রাস্তার অসমাপ্ত কাজ সমাপ্তকরণ ( প্রকল্প-২) কাজের ১ম ও চূড়ান্ত বিল প্রদান-২,০০,০০০/- টাকা<br>-নারুয়া হাসেম এর বাড়ী হতে হারুন এর বাড়ী পর্যন্ত রাস্তা পাকাকরণ কাজের ১ম ও চূড়ান্ত বিল প্রদান-২,০০,০০০/- টাকা<br>-বহরপুর নালু দাসের বাড়ীর নিকট পাকা রাস্তা হতে শহিদুর মাষ্টারের বাড়ীর নিকট রাস্তা পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং দ্বারা পাকাকরণ কাজের ১ম ও চূড়ান্ত বিল প্রদান-২,০০,০০০/- টাকা<br>(ঙ) হাট-বাজার ইজারাকৃত আয়ের ১৫% হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা-(অক্টো:/২০২১ ): বর্ণিত খাতে চলতি মাসে কোন ব্যয় হয়নি। | | |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতেই জানান যে, এক বছর যাবৎ এ উপজেলায় আপনারদের সাথে কাজ করেছি এবং চেষ্টা করেছি সবার সাথে সন্দুরভাবে কাজ করার জন্য। এক্ষেত্রে ভুলত্রুটি থাকতে পারে সেগুলো ভুলে গিয়ে আমার জন্য দোয়া করবেন যেন আমি ০৬ মাসের মাতৃত্বকালীন ছুটি শেষে আবার নতুন উদ্যমে আপনাদের সাথে মিলেমিশে কাজ করতে পারি। তার এই একবছর কর্মকালীন সময়ে সকলের সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। এ পর্যায়ে তিনি দপ্তরওয়ারী গত সভার সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করে সেপ্টেম্বর/২০২১ মাসে গৃহীত কার্যক্রম নিয়ে সভায় আলোচনা করেন। আলোচনায় তিনি গুরুত্বপূর্ণ কাজগুলোর বিষয়ে গুরুত্বারোপ করেন। | ১। বিভাগওয়ারী গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে সম্পন্নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার ও দপ্তর প্রধানগণ |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরি: পরি: কর্মকর্তা জানান যে, বর্তমান কর্মস্থল থেকে বদলী হয়ে গত ০৭/১০/২০২১ খ্রি. তারিখে সহকারী পরিচালক হিসেবে ঢাকায় যোগদান করেছেন। তার কর্মকালীন সময়ে সকলের সার্বিক সহযোগিতার জন্য কৃতজ্ঞতা স্বীকার করে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বিশেষ করে করোনা ভাইরাস প্রকোপের কান্তিকালে বিভিন্ন দিক থেকে সর্বমহলে বিভিন্ন অফিসসহ বালিয়াকান্দিবাসীর সহযোগিতার জন্য তিনি অভিব্যক্ত প্রসংশা জ্ঞাপন করেন। আরো ধন্যবাদ জানান ০৭টি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে কারণ তারা করোনাকালীন সময়ে টিকা প্রদানের ক্ষেত্রে মাঠ পর্যায়ে সার্বিক সহযোগিতাসহ গণটিকার ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। নতুন কর্মস্থলে যেন তার উপর অর্পিত দায়িত্ব ভালভাবে কাটাতে পারেন সেইজন্য সকলের দোয়া কামনা করেন এবং ভূলত্রুটি মার্জনার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন। একইসাথে উপস্থিত ভারপ্রাপ্ত উপজেলা স্বাস্থ্য ও পরি:পরি: কর্মকর্তা পূর্বের ধারাবাহিকতা বজায় রেখে কার্যক্রম পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরো জানান যে, হাসপাতালে সকল সেবা কার্যক্রম পূর্বের ন্যায় চলমান রয়েছে। | বদলীকৃত কর্মকর্তাকে তার কৃতকর্মের জন্য ধন্যবাদ জ্ঞাপন করে তার জীবনের সাফল্য কামনা করা হয় এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে পূর্বের ন্যায় সকল কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরি: পরি: কর্মকর্তা |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা সভায় জানান যে, আধুনিক প্রযুক্তিতে গরুর প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থবছরে ১০০ জন খামারিকে প্রশিক্ষণের জন্য বাছাই কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া এনএটিপি-২ প্রকল্পের আওতায় প্রাণিসম্পদের সহিত সংশ্লিষ্ট উদ্যোক্তাদের ৫০% হারে অনুদান প্রদানের ব্যবস্থা রয়েছে যা সভায় উপস্থিত সকল সুধিবৃন্দের মাধ্যমে প্রচারের জন্য পুনরায় অনুরোধ করা হয়। এছাড়া সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | খামারীদের প্রশিক্ষণের নিমিত্তে বাছাই কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ০৫ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভাপতি মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করে তার বক্তব্যে জানান যে, বর্তমানে কারেন্ট পোকার আক্রমণ নিয়ন্ত্রনে রয়েছে। আশা করি ব্যাপক কোন ক্ষতির সম্ভবনা নেই। খামার যান্ত্রিকিকরনের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি শীর্ষক প্রকল্পের আওতায় উপজেলা পরিষদের ভিতর যন্ত্রের সেড নির্মাণের জন্য ১২০০ বর্গফুট জমি নির্বাচনের বিষয়টি নিয়ে সভায় পুণরায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া দপ্তরের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | যন্ত্র রাখার সেড নির্মাণের জন্য ১২০০ বর্গফুট বিশিষ্ট জমি নির্বাচনের প্রক্রিয়া সম্পন্নের জন্য পুনরায় উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, গত ৪ অক্টোবর থেকে ২৫ অক্টোবর/২১ পর্যন্ত ২২ দিনব্যাপী 'ইলিশ সংরক্ষণ অভিযান,২০২১' যথারীতি চলমান রয়েছে। ইলিশের প্রধান প্রজনন মৌসুমে সরকারী বিধিবিধান মেনে মৎস্য ব্যবসারী/মৎস্যজীবি গণহারে মাছ ধরা ও বিক্রি না করতে পারে এ বিষয়ে সকলের সহযোগিতায় কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ১ম দিন জামালপুর বাজারে ১০কেজি ইলিশ জব্দ করা হয়েছে। এছাড়া দপ্তরের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | 'ইলিশ সংরক্ষণ অভিযান, ২০২১' সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা পরিঃ পরিঃ বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, ইউনিয়ন পরিষদের প্রতিটি স্বাস্থ্যকেন্দ্রে জনবল আনুপাতিক হারে খুবই কম। তথাপি স্বল্প জনগণ নিয়ে স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। জনবল নিয়োগের জন্য মন্ত্রণালয়ে পত্র দেওয়া হয়েছে। কিন্তু অদ্যবধি কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি । ফলে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ পর্যায়ে তিনি আরো জানান ০৭টি ইউনিয়নের প্রতিটি স্বাস্থ্যকেন্দ্রে ২৪ ঘন্টাব্যাপী নরমাল ডেলিভারী সেবা প্রদান করা হয়। এছাড়া মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৫,৯০৮ জন, সর্বমোট পদ্ধতির গ্রহণকারীর সংখ্যা ৩৫,৩২২ জন এবং গ্রহনকারীর হার ৭৩.৯৪%। স্থায়ী পদ্ধতি পুরুষ- ০৫ জন, স্থায়ী পদ্ধতি মহিলা-০৬ জন, আইইউডি-১৬ জন, ইমপ্লান্ট- ২৭ জন, গর্ভবতীর সংখ্যা ২১২১ জন ও নবদম্পতি ৫৫ জন। এ ছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | জনবল নিয়োগের বিষয়ে পুণরায় উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিঃ পরিঃ অফিসার |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, প্রাইমারী পর্যায়ে সেপ্টেম্বর মাসের ১২ তারিখ থেকে ক্লাশ শুরু হয়েছে এবং উদ্ধর্তন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন। এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | গৃহীত সকল কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, আগামী ১৪/১১/২০২১ তারিখ থেকে এসএসসি/ সমমানের পরীক্ষা শুরু হবে এবং এ ব্যাপারে সকল প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারীতে চলমান রয়েছে। | এসএসসি/ সমমানের পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সার্বিক প্রস্তুতি গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১০ | উপজেলা প্রকৌশলী বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি জানান যে, বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক বালিয়াকান্দি উপজেলা নির্বাহী কর্মকর্তার নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যগণের বাসস্থানের জন্য নির্মিত ভবনের অতিরিক্ত কাজের প্রাক্কলন প্রস্তুতসহ পরিষদের ৩০তম (জুলাই২০২১ ইং) সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্ন বর্ণিত প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাহা অদ্যকার মাসিক সভায় অনুমোদিত হলে চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে বিধি মোতাবেক মন্ত্রণালয়ে প্রেরণ করা প্রয়োজন।<br>১। বালিয়াকান্দি উপজেলার পরিষদের অভ্যন্তরে ইউনিয়ন ভূমি অফিস সংলগ্ন আনসার গার্ডশেড নির্মাণ কাজের অসমাপ্ত (অতিরিক্ত) কাজ সমাপ্তকরণ- প্রাক্কলিত মূল্য ১,৯৯,৫৮১/- টাকা<br>২) বালিয়াকান্দি উপজেলা পরিষদের অভ্যন্তরে গেজেটেড কোয়াটার (যমুনা) ভবনের মেরামত কাজ- প্রাক্কলিত মূল্য ২২,৩০,০৫২/- টাকা<br>৩) বালিয়াকান্দি উপজেলা পরিষদের সীমানা প্রাচীর (অসমাপ্ত অংশ) নির্মাণ-প্রাক্কলিত মূল্য ১৮,৩৯,৭৬৫/- টাকা<br>৪) বালিয়াকান্দি উপজেলার পরিষদের অভ্যন্তরে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংলগ্ন লেকের পাড় রক্ষা ও ফুটপাত নির্মাণ- প্রাক্কলিত মূল্য ১৭,৩৮,১৩৯/- টাকা | ১। বিশদ আলোচনান্তে উল্লেখিত প্রকল্পসমূহের প্রাক্কলন সভায় অনুমোদিত হয় এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়। | ১) উপজেলা চেয়ারম্যান উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| ১১ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, প্রতিবন্ধী শনাক্তকরণ বিষয়ে আবাসিক মেকিকেল অফিসার এর সাথে আলোচনা করে হাসপাতালে প্রতি সাপ্তাহে একটি নির্দিষ্ট দিন নির্ধারণ করে একটি ইউনিয়ন করে প্রতিবন্ধী শনাক্ত করা যেতে পারে এবং এই বিষয়ে আরএমও ও ইউপি চেয়ারম্যানদের সাথে আলোচনা করে একটি পত্র প্রেরণ করা যেতে পারে। এছাড়া আরো জানান যে, যারা ভাতার টাকা পায়নি তাদের বিষয়ে ইউনিয়ন চেয়ারম্যানগণ মাইকিং করে তাদের তথ্য সংগ্রহ করে সমাজসেবা অফিসে প্রেরণ করবেন এবং তাদের তথ্য ভাতার ওয়েব সার্ভারে সংযুক্ত করে ভাতার টাকা প্রদান নির্ধারণ করতে হবে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | প্রতিবন্ধী শনাক্তকরণ এবং যারা ভাতার টাকা পায়নি তাদের বিষয়ে যথার্থ কার্যক্রম গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যান ও উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | (১)উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব জাহিদুর রহমান জানান তিনি গত ২৮/০৯/২০২১ তারিখে নতুন কর্মস্থল বালিয়াকান্দি উপজেলায় যোগদান করেছেন। সুষ্ঠভাবে অফিস পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এ পর্যায়ে জানান যে, চলতি মাসে ঋণ বিতরণ ১৪১.৮৫ লক্ষ, ঋণ আদায় ১২১.৫৬ লক্ষ, শেয়ার আদায় ০.৬৪ লক্ষ এবং সঞ্চয় আদায় ২.৭২ লক্ষ টাকা। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ বিতরণ ও আদায়ের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, অত্র কার্যালয়ে ৩০ সেপ্টেম্বরে জাতীয় শিশু দিবস-২০২১ যথাযোগ্য মর্যাদায় বালিয়াকান্দি উপজেলায় এবং কিশোর কিশোরী স্থাপন প্রকল্পের ০৭টি ক্লাবে উদযাপন করা হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরের আওতায় ৬টি স্বেচ্ছাসেবী মহিলা সমিতির অনুকূলে ১,৮০,০০০/- টাকার অনুদানের চেক বিতরণ করা হয়েছে এবং দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | গৃহীত কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বালিয়াকান্দি উপজেলায় সমবায় বিভাগের আওতায় ০১টি কেন্দ্রীয় সমিতি ও ৮৫টি প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। এছাড়াও কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদের আওতায় প্রকল্পভূক্ত আরো ১০০টি সমবায় সমিতি আছে, যা সমবায় বিভাগ কর্তৃক বার্ষিক অডিট সম্পাদন করা হয়ে থাকে। সকল সমবায় সমিতির বার্ষিক অডিট পরিদর্শন, সমিতির সদস্যদের সাথে মতবিনিময় সভা ইত্যাদি কার্যক্রমসহ ২৫ জন সদস্যকে চলতি অর্থবছরে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও অত্র উপজেলায় আশ্রয়ণ প্রকল্পের সদস্যদের নিয়েও ০১টি সমবায় সমিতি রয়েছে। সেখানে সমবায় বিভাগকর্তৃক ২৭,৯০,০০০/- টাকা (ঘূর্ণায়মান তহবিল) সরকারি ঋণ প্রদান করা হয়েছে। অত্র উপজেলায় জুলাই/২০২১ হতে বর্তমান পর্যন্ত বিভাগীয় ০৫ টি ও পল্লী উন্নয়নের আওতাভূক্ত সিভিডিপি প্রকল্পের ১২টি সমবায় সমিতিসহ মোট ১৭টি সমবায় সমিতির নিবন্ধন প্রদান করা হয়েছে। অত্র উপজেলার সমবায় বিভাগীয় সার্বিক কার্যক্রমকে আরো গতিশীল করার প্রচেষ্টা করা হবে মর্মে জানান। | সমবায় বিভাগের আওতাধীন সমবায় সমিতিসমূহের সংশ্লিষ্ট সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান ২০২১-২০২২ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ আত্মকর্মসংস্থান ও যুব ঋণ প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। অক্টোবর/২১ পর্যন্ত ১৫০ জনকে প্রশিক্ষণ, ২৮ জনকে আত্মকর্মসংস্থান ও ১২ জনকে ৬,৭০,০০০/- টাকা যুব ঋণ প্রদান করা হয়েছে। তিনি আরও জানান উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) এর অর্থায়নে ১৫ জন যুব মহিলাকে ৬ দিন মেয়াদী স্যানিটারী প্যাড তৈরী প্রশিক্ষণ কোর্সটি সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। এধরনের প্রশিক্ষণ সারাদেশের মধ্যে বালিয়াকান্দি উপজেলায় প্রথম অনুষ্ঠিত হয়েছে। তিনি যুব মহিলাদের উৎপাদিত স্যানিটারী প্যাড স্বল্পমূল্যে বাজারজাত করণের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের সহযোগিতা কামনা করেন। এ পর্যায়ে যুব মহিলাদের উৎপাদিত পণ্যসমূহ বিক্রয়ের জন্য একটি নির্ধারিত স্থান দ্রুততম সময়ে ব্যবস্থা করার জন্য উপজেলা চেয়ারম্যান মহোদয়ের প্রতি বিনীতভাবে আবেদন জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে। | যুব মহিলাদের উৎপাদিত স্যানিটারী প্যাড স্বল্পমূল্যে ক্রয়ের লক্ষ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানসহ ইউপি চেয়ারম্যানদেরকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানবৃন্দ এবং সংশ্লিষ্ট শিক্ষা কর্মকর্তাসহ অন্যান্য সদস্যবৃন্দ |
| ১৬ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার দপ্তর নিয়ে আলোচনা করা সম্ভব হলো না। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা ফরেস্টার |
| ১৭ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা প্রথমেই জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের আওতায় গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টিআর) ও গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দ দ্বারা প্রকল্প গ্রহণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এ পর্যায়ে আরো জানান যে, শারদীয় দুর্গাপূজা অদ্য থেকে শুরু হয়েছে। প্রস্তুতকৃত তালিকা অনুযায়ী প্রত্যেক পূজামন্ডবের অনুকূলে চাউল বিতরণের লক্ষ্যে গতকাল ডিও লেটার ছাড়া হয়েছে। এব্যাপারে যথার্থ ব্যবস্থাপনার মধ্যে দিয়ে বিতরণ প্রক্রিয়া সম্পন্নসহ পূজা উৎযাপনে সকল ইউপি চেয়ারম্যানদেরকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করেন।<br><br>এ পর্যায়ে আরো জানান যে, আগামী ১৩/১০/২০২১ খ্রি. তারিখ 'অগ্নি নির্বাপক ভূমিকম্প দিবস' উদযাপিত হবে এবং উক্ত দিবসটির আলোকে জংগল ইউনিয়নে সমাধিনগর বাজারে অনুষ্ঠিত হবে। এ ব্যাপারে সার্বিক সহযোগিতার জন্য জংগল ইউপি চেয়ারম্যানের দৃষ্টি আকর্ষণ করেন। | পূজামন্ডবের বরাদ্দকৃত চাউল যথাযথভাবে বিতরণ কার্যক্রমসহ পূজাকালীন সকল প্রকারের সহযোগিতা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যান এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৮ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের উপ-সহকারী প্রকৌশলী জানান যে, ১৮২টি টিউবওয়েল বরাদ্দের অনুকূলে ওয়ার্ক ওর্ডার সম্পন্ন হওয়ায় উহার কার্যক্রম শীঘ্রই শুরু করা হবে। প্রসংগক্রমে তিনি আরো জানান যে, সমগ্র দেশের পানি সরবরাহ প্রকল্পের আওতায় ০১টি ওয়াটার সাপ্লাই এর বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত ওয়াটার সাপ্লাই এর কার্যক্রম বালিয়াকান্দি উপজেলায় 'আমার গ্রাম আমার শহর' প্রকল্পের আওতাভূক্ত স্থান নির্বাচনের ক্ষেত্রে কুরশি গ্রাম, আড়কান্দি ও আমতলা গ্রামের নাম পাওয়া গিয়েছে। এ বিষয়ে অদ্যকার সভায় লটারির মাধ্যমে 'কুরশি গ্রাম' নির্বাচিত হওয়ায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। এছাড়া দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ১। নির্বাচিত কুরশী গ্রামে ওয়াটার সাপ্লাই প্রকল্পের কাজটি সুষ্ঠু এবং সুন্দরভাবে সম্পন্ন করার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | ১।উপ-সহকারী প্রকৌশলী, জ:স্বা:প্র: |
| ১৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | ১। সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর জানান যে, ইতোমধ্যে ২০১৮-১৯ অর্থবছরের ৭ টি প্রশিক্ষণ সফলভাবে সমাপ্ত হয়েছে এবং সমাপ্তি প্রতিবেদন পিএমইউতে পাঠানোর জন্য প্রস্তুত করা হয়েছে এবং ২০১৯-২০ অর্থবছরের ৭টি প্রশিক্ষণের মধ্যে ৫টি সমাপ্ত হয়েছে এবং ২ টি প্রশিক্ষণের বাস্তবায়ন প্রক্রিয়াধীন অবস্থায় রয়েছে।<br><br>২। সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর আবো জানান যে, ২০১৯-২০ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প ইতোমধ্যে টেন্ডার প্রক্রিয়ায় ই-জিপিতে লাইভে আছে এবং ২০২০-২১ অর্থবছরের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রস্তাবনা ও অবকাঠামো উন্নয়ন | ১। গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর অনুরোধ করা হয়। | ১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রস্তাবনা অনুমোদনের জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে পিএমইউতে প্রেরণ করা হয়েছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | | ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর |
| ২০ | বিবিধ | ১। পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি সভার শুরুতেই জানান অত্যন্ত সুন্দর পরিবেশে আমরা বিভিন্ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করেছি। সেইসাথে স্ব-স্ব বিভাগের সিদ্ধান্তগুলো বাস্তবায়নসহ সরকার কর্তৃক প্রদানকৃত দায়িত্বসমূহ সঠিকভাবে পালনের জন্য পরামর্শ প্রদান করেন। তিনি আরো জানান জনাব আম্বিয়া সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার যে কয়েক দিন এ উপজেলায় দায়িত্ব করেছেন তা অত্যন্ত প্রসংশনীয় । আশা করি তার ছুটিকালীন দায়িত্বপ্রাপ্ত জনাব মোঃ হাসিবুল হাসান, সহকারী কমিশনার(ভূমি) এর সাথেও আমরা একইভাবে এই উপজেলা উন্নয়নের সকল কার্যক্রম চালিয়ে যেতে পারবো।<br><br>(ক) এ পর্যায়ে সভাপতি মহোদয় আরো জানান যে, উপজেলা প্রকৌশলীর দপ্তরে কর্মরত বৈদ্যুতিক কারিগর জনাব মোঃ নুরুল ইসলাম কালুখালী উপজেলায় বদলী হওয়ার কারণে উপজেলা পরিষদের বাসাবাড়ী/অফিসসমূহের বৈদ্যুতিক কাজসহ পরিষদের পাম্প মেশিন চালানোর বিঘ্ন সৃষ্টি হচ্ছে বিধায় বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তৎপ্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী জানান যে, ইতোমধ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে নতুন বৈদ্যুতিক কারিগর পদায়ন না হওয়া পর্যন্ত বৈদ্যুতিক কাজকর্ম ও পাম্প মেশিন চালানোর ব্যাপারে অভিজ্ঞ সম্পন্ন জনাব মোঃ আশরাফুল শেখ, পিতা- মোঃ মকবুল শেখ, পূর্বমৌকুড়ি, বালিয়াকান্দি, রাজবাড়ীকে দিয়ে গত ০১/০৯/২০২১ তারিখ হতে সংশ্লিষ্ট কাজে দৈনিক/মাসিক পারিশ্রমিক ভিত্তিতে আপাততঃ কাজ করানো হচ্ছে। তিনি আরো জানান ভাতা প্রদানের বিষয়টি উপজেলা মাসিক সভায় নির্ধারণপূর্বক সভায় আলোচনান্তে সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রস্তাব উপস্থাপন করেন।<br><br>২। ভাইস চেয়ারম্যান জনাব মোঃ মনিরুজ্জামান মনির তার বক্তব্যে জানান যে, আমরা দুইজন কর্মকর্তাকে বদলীজনিত কারণে বিদায় জানাচ্ছি। আজ আমাদের মন ভারাক্রান্ত। আমরা অত্যন্ত সুন্দর পরিবেশের মধ্যে দিয়ে উপজেলা স্বাস্থ্য ও পরি: পরি: কর্মকর্তা জনাব ডাঃ সাকিন জব্বার এবং উপজেলা কৃষি কর্মকর্তা জনাব সাখাওয়াত হোসেন মহোদয়দ্বয়ের সাথে কাজ করেছি। দুইজন কর্মকর্তাই তাদের কাজেকর্মে অত্যন্ত আন্তরিক ছিলেন। সেই সাথে আমাদের বর্তমান দায়িত্বরত উপজেলা নির্বাহী অফিসার জনাব আম্বিয়া সুলতানা মহোদায় যথেষ্ট দায়িত্বশীলতার সাথে এ উপজেলায় কাজ করেছেন। তিনি অচিরেই মাতৃত্বকালীন ছুটিতে যাবেন। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের এবং অনাগত ভবিষ্যতের সুস্বাস্থ্য কামনা করেন। এ পর্যায়ে তিনি যুব উন্নয়নের প্রশিক্ষণ কেন্দ্রের জায়গা এবং যুব কর্ণার/দোকান বরাদ্দের বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। পাশাপাশি যুব মহিলাদের উৎপাদিত স্যানিটারী প্যাড স্বল্পমূল্যে বাজারজাত করণের বিষয়টি অগ্রগতির জন্য যুব উন্নয়নের পক্ষে সকলের সহযোগিতা কামনা করেন। | ১। স্ব-স্ব বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার পাশাপাশি এডিপি/ রাজস্ব/ উন্নয়ন তহবিলসহ সংশ্লিষ্ট অন্যান্য খাতের অর্থ দ্বারা গৃহীত প্রকল্পসমূহ যথাযথভাবে সম্পন্নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়।<br>১। (ক) বৈদ্যুতিক কারিগর পদায়ন না হওয়া পর্যন্ত উপজেলা পরিষদের আবাসিক ও অফিসসমূহের বৈদ্যুতিক কাজকর্ম ও পাম্প মেশিন চালানোর ব্যাপারে বর্ণিত ব্যক্তিকে মাসিক ৬,০০০/- টাকা হারে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনসহ উন্নয়নের জন্য পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আবুল কালাম আজাদ)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বালিয়াকান্দি, রাজবাড়ী ।

স্মারক নং- ০৫.৩০.৮২০৭.০০৩.০৬.০০২.১৪- ১৬৫ (৩২),

তারিখ : ১৭/১০/ ২০২১ খ্রি.।

**অনুলিপি : সদয় জ্ঞাতার্থে**

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী।

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

০৫-০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী।
০৭-২৪। উপজেলা . . . . . . . . .
. . . . . . কর্মকর্তা/ প্রকৌশলী, বালিয়াকান্দি, রাজবাড়ী।
২৫-৩১। চেয়ারম্যান.... . . . . . . . . . . (সকল) ইউনিয়ন, বালিয়াকান্দি, রাজবাড়ী।
৩২। অফিস কপি।

(মোঃ হাসিবুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার(ভারপ্রাপ্ত)
বালিয়াকান্দি, রাজবাড়ী।

উপস্থিত সদস্যগণের হাজিরা **(পরিশিষ্ট-ক)**

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ মনিরুজ্জামান মনির | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | স্বাক্ষরিত |
| ০২ | বেগম খোদেজা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মোঃ আব্দুস সালাম | চেয়ারম্যান, নারুয়া ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মোঃ রেজাউল করিম | চেয়ারম্যান, বহরপুর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব নৃপেন্দ্রনাথ বিশ্বাস, | চেয়ারম্যান, জঙ্গল ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ আবুল হোসেন আলী, | চেয়ারম্যান, নবাবপুর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ ইউনুস আলী সরদার, | চেয়ারম্যান, জামালপুর ইউনিয়ন পরিষদ | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব ডাঃ শাফিন জব্বার | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ০৯ | মোঃ আনোয়ার হোসেন | উপজেলা কৃষি কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১০ | জনাব ডা: মোঃ শাহিনুর রহমান (ভেটেরিনারি সার্জন) | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মোঃ আবদুল মান্নাফ | উপজেলা মৎস্য কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মোঃ আসরাফুল হক | উপজেলা শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোঃ আলমগীর বাদশা | উপজেলা প্রকৌশলী | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মুহাম্মাদ মাহমুদ হাসান খান | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব কাজী এজাজ কায়ছার | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব অজয় কুমার হালদার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | |
| ১৭ | জনাব জাহিদুর রহমান | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | |
| ১৮ | জনাব আফরোজা জেসমিন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব হাসিনা ফাহমিদা বানু | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২০ | জনাব নাসরিন সুলতানা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২১ | জনাব মোঃ আহাদুজ্জামান খান | সহকারী প্রোগ্রামার | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মোঃ নজরুল ইসলাম | উপজেলা সমবায় অফিসার | |
| ২৩ | জনাব মো: রেজাউল করিম | উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মোঃ নাজিবুর রহমান | উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব কামরুন্নাহার | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |

অনুপস্থিত সদস্যবৃন্দ **(পরিশিষ্ট-খ)**

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব সুফিয়া | সংরক্ষিত সদস্য-১, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি |
| ০২ | জনাব আরতী রানী কুন্ডু | সংরক্ষিত সদস্য-২, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি |
| ০৩ | জনাব মোঃ আবুল হোসেন খান | চেয়ারম্যান, ইসলামপুর ইউনিয়ন পরিষদ |
| ০৪ | জনাব নায়েব আলী সেখ | চেয়ারম্যান, বালিয়াকান্দি ইউনিয়ন পরিষদ |
| ০৫ | জনাব মোঃ সিরাজুল ইসলাম | উপজেলা বন সংরক্ষক, বালিয়াকান্দি |